

📘 রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - রোযার বিভিন্ন আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

চোখের রোযা

মহান আল্লাহর হারামকৃত জিনিস দেখা হতে বিরত থেকে রোযাদারের চোখ রোযা রাখে। হারাম কিছু চোখে পড়লে সে তার চক্ষুকে অবনত করে নেয়, অঞ্লীল কিছু দেখা হতে দৃষ্টিকে ঝুঁকিয়ে রাখে। যেমন, সে নোংরা ফিল্ম এবং শ্লীলতাহীন টিভি সিরিজ ইত্যাদি দেখা হতে বিরত থাকে। যেহেতু মহান আল্লাহ মুমিন পুরুষদেরকে সম্বোধন করে বলেন,

অর্থাৎ, মুমিন পুরুষদেরকে বল, তারা যেন তাদের দৃষ্টি সংযত করে এবং নিজ নিজ যৌনাঙ্গের হিফাযত করে; এটিই তাদের জন্য উত্তম। (কুরআনুল কারীম ২৪/৩০)

আর মুমিন নারীদেরকে সম্বোধন করে তিনি বলেন,

অর্থাৎ, আর মুমিন নারীদেরকে বল, তারা যেন তাদের দৃষ্টি সংযত করে এবং নিজ নিজ যৌনাঙ্গের হিফাযত করে। (কুরআনুল কারীম ২৪/৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4045

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন